# AKASHVANI (AIR)

# RNU : KOLKATA

# Bengali Text Bulletin

**Date 23-06-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর -

১) নদীয়ার কালিগঞ্জ বিধানসভা আসনের উপনির্বাচনে বিজেপি প্রার্থী আশিষ ঘোষকে হারিয়ে তৃণমূল কংগ্রেস প্রার্থী আলিফা আহমেদ জয়ী হয়েছেন।

ভোট গণনার দিনেই, নদীয়ার পলাশির মুলান্দি গ্রামে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিদের ছোঁড়া বোমার আঘাতে ছাত্রী তামান্না খাতুনের মৃত্যু। আহত এক।

বিজেপি-র রাজ্য সভাপতি কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারেরও অভিযোগ তৃণমূল কংগ্রেসের আমলে কোন বিরোধী রাজনৈতিক দল সুরক্ষিত নয়।

২) বিজেপি বিধায়ক অশোক লাহিড়ীর বক্তব্য কার্যবিবরণী থেকে বাদ দেওয়ার সিদ্ধান্তের প্রতিবাদে বিধানসভার অধিবেশন উত্তপ্ত হয়ে ওঠে। বিজেপি-র চার বিধায়ক সাসপেন্ড।

৩) ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার এম রিয়াজ হামিদুল্লাহ আজ কলকাতায় আজ নবান্নে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে দেখা করেন।

৪) স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়োগ বিজ্ঞপ্তি নিয়ে ফের কলকাতা হাইকোর্টের দ্বারস্থ চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের একাংশ।

৫) সঞ্জয় সেন আগামী সন্তোষ ট্রফিতে বাংলা ফুটবল দলের প্রধান কোচ হিসাবে নিযুক্ত হয়েছেন |

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা আসনের উপনির্বাচনে তৃণমূল কংগ্রেস প্রার্থী আলিফা আহমেদ জয়ী হয়েছেন। তিনি তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিজেপির আশিস ঘোষকে ৫০ হাজার ৪৯ ভোটের ব্যবধানে হারিয়ে দিয়েছেন। তৃতীয় স্থানে রয়েছেন বাম সমর্থিত কংগ্রেস প্রার্থী কাবিলউদ্দিন শেখ।

আলিফা পেয়েছেন ১ লক্ষ ২ হাজার ৭৫৯ টি ভোট । অন্যদিকে, বিজেপি প্রার্থী পেয়েছেন ৫২ হাজার ৭-শোর কিছু বেশি ভোট।

২০২১ সালে বিধানসভা নির্বাচনে নাসিরউদ্দিন আহমেদ তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিজেপি প্রার্থী অভিজিৎ ঘোষকে ৪৬ হাজার ৯৮৭ ভোটে পরাজিত করেছিলেন।

উল্লেখ্য, আলিফা উপ-নির্বাচনে ১ লক্ষ ২ হাজার ৭৫৯ টি ভোট পেলেও তার বাবা নাসিরুদ্দিন আহমেদ ১ লক্ষ ১১ হাজার ৬৯৬ ভোট পেয়েছিলেন। বিজেপি প্রার্থীও পেয়েছিলেন ৬৪ হাজার ৭০৯-টি ভোট।

এদিকে, কালীগঞ্জে ভোট গণনার দিনেই, নদীয়ার পলাশির মুলান্দি গ্রামে বোমার আঘাতে তামান্না খাতুন নামে চতুর্থ শ্রেণির এক ছাত্রীর মৃত্যু হয়েছে। (আহত হয়েছেন আরও একজন। স্থানীয়দের অভিযোগ, তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা সিপিআইএম সমর্থকদের ওপর আক্রমণ চালায়। তাদের বাড়ি ঘর লক্ষ্য করে বোমাও ছোঁড়ে। ওই বোমাবাজির মধ্যে পড়ে প্রাণ হারান তামান্না। আমাদের জেলা সংবাদদাতার জানাচ্ছেন ।)

(ভয়েসকাস্ট – অনুপম)

এই ঘটনার পর পুলিশ সুপার অমরনাথ কে, বিশাল পুলিশ বাহিনী নিয়ে সেখানে যান। কথা বলেন, মৃত শিশুটির মায়ের সঙ্গেও। পুলিশের কাছে ক্ষোভে ফেটে পড়েন, তামান্নার পরিবারের সদস্যরা। পুলিশ সুপার জানিয়েছেন, এই ঘটনায় তদন্ত শুরু হয়েছে। এপর্যন্ত গ্রেফতার করা হয়েছে একজনকে। দোষীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে বলেও আশ্বাস দেন তিনি।

বোমা ছোড়ার ঘটনায় নির্বাচন কমিশন জেলা প্রশাসনের কাছে রিপোর্ট তলব করেছে। সেই রিপোর্ট খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল জানিয়েছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে তিনি বলেন, দোষীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়া হবে।

বিজেপির আইটি সেলের প্রধান অমিত মালব্য এই ঘটনার নিন্দা করে বলেছেন, রক্তপাত ছাড়া একটি উপনির্বাচনও তৃণমূল কংগ্রেস জিততে পারেনা। দলের রাজ্য সভাপতি কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারও অভিযোগ করেছেন, তৃণমূল কংগ্রেসের আমলে কোন বিরোধী রাজনৈতিক দলই সুরক্ষিত নয়।

( বাইট – সুকান্ত)

প্রদেশ কংগ্রেস মুখপাত্র সৌম্য আইচ রায় তৃণমূল কংগ্রেসের সমালোচনা করে বলেছেন, দেশের অনেক জায়গাতে উপনির্বাচন হলেও কোথাও এধরনের হিংসাত্মক ঘটনার খবর পাওয়া যায়নি।  দলের প্রবীণ নেতা অধীররঞ্জন চৌধুরী দাবি করেছেন, গণতন্ত্র তৃণমূল কংগ্রেসের কাছে আবরণ মাত্র। উপ-নির্বাচনে শাসক দল জয়ের পর যারা তাদের ভোট দেয়নি, তাদের ওপর এই হামলা চালানো হয় বলে তাঁর দাবি। এই ধরনের হামলা ও মৃত্যুর ঘটনার যৌক্তিকতা নিয়েও রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে জানতে চান তিনি।

সি পি আই এম-এর কেন্দ্রী কমিটির সদস্য সুজন চক্রবর্তীও কালিগঞ্জ উপ-নির্বাচনে জয়লাভের পরেও তৃণমূল কংগ্রেস কেন হিংসা ছড়াচ্ছে, সেই প্রশ্ন তোলেন।

সিপিআইএমএল লিবারেশন বলেছে, যে জয়ের উল্লাসে শিশুর প্রাণ যায়, তা আসলে গণতন্ত্রের পরাজয়। দলের জেলা সম্পাদক জয়তু দেশমুখ জানিয়েছেন, এই ঘটনায় উচ্চ-পর্যায়ের নিরপেক্ষ তদন্তের দাবিতে জেলাজুড়ে আগামীকাল ধিক্কার দিবস পালন করা হবে বলেও তিনি জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি বিধায়ক অশোক লাহিড়ীর বক্তব্য কার্যবিবরণী থেকে বাদ দেওয়ার সিদ্ধান্তের প্রতিবাদে বিধানসভার অধিবেশন আজ এমন উত্তপ্ত হয়ে ওঠে, যা সাম্প্রতিককালে নজিরবিহীন। সাসপেন্ড করা হয়েছে বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পল, শঙ্কর ঘোষ, মনোজ ওঁরাও এবং দীপক বর্মনকে।

সভার প্রথমার্ধে পয়েন্ট অফ অর্ডারে বিধায়ক অশোক লাহিড়ী জানান, আপত্তিকর কিছু না থাকা সত্ত্বেও গত শুক্রবার তাঁর বক্তব্যকে বিধানসভার রেকর্ড থেকে বাদ দেওয়া হয়েছে। এই নিয়ে শাসক দল এবং বিজেপি পরিষদীয় দলের সদস্যদের মধ্যে বিরোধ তৈরি হয়। এরপরই বিজেপি

বিধায়করা কাগজ ছিঁড়ে ওয়েলে নেমে বিক্ষোভ দেখান। মার্শালদের সঙ্গে হাতাহাতিতে জড়িয়ে পড়েন তারা। ধস্তাধস্তিতে দলের মুখ্য সচেতক শঙ্কর ঘোষের চশমা ও ঘড়ি ভেঙে যায়। এরপরই অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় চার বিজেপি বিধায়ককে সাসপেন্ড করেন। পরে অধ্যক্ষ জানান, বিধানসভার সম্পত্তিও ভাঙচুর করা হয়েছে। এই নিয়েও ব্যবস্থা গ্রহণ করা হবে।

(বাইট – অধ্যক্ষ)

বিধানসভায় আজ মার্শাল দিয়ে বিজেপি বিধায়কদের ওপর আক্রমণের অভিযোগে দলের পক্ষ থেকে আজ কলকাতার হেয়ার স্ট্রিট থানায় FIR দায়ের করা হয়েছে।

এদিকে, বিজেপি পরিষদীয় দল বিধানসভার আগামী অধিবেশনে অধ্যক্ষের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনবে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ সাংবাদিকদের বলেন, বিধায়কদের সাসপেনশন এবং তাদের নিগ্রহ করার প্রতিবাদে আগামীকাল বিধানসভা চত্বরে বিক্ষোভও দেখাবেন তারা।

(বাইট – শুভেন্দু)

oooooooooooooooooooooooo

সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ যথাযথ মর্যাদায় ভারত কেশরী ডক্টর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের বলিদান দিবস পালিত হচ্ছে। বিজেপির দক্ষিণ দিনাজপুর সংগঠনের কার্যালয়ে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

এদিকে কলকাতায় কেওড়াতলা মহাশ্মশানে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় স্মারক সমিতির উদ্যোগে এক অনুষ্ঠানে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

oooooooooooooooooooooo

২৫- শে জুন দেশজুড়ে পালিত হবে সংবিধান হত্যা দিবস। ভারতে শেষ জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছিল ১৯৭৫এর ২৫শে জুন, থেকে ১৯৭৭ এর ২১শে মার্চ, পর্যন্ত । এর কারণ হিসেবে অভ্যন্তরীণ গোলযোগকে তুলে ধরা হয়।

যদিও পরবর্তীকালে এই জরুরি অবস্থা ঘোষণাকে কেন্দ্র করে নানা মহলে তৈরি হয় বিতর্ক।

এই বছর কেন্দ্রীয় সরকার ১৯৭৫ সালের এই জরুরি অবস্থা ঘোষণাকে সংবিধান হত্যা দিবস হিসেবে পালন করার সিদ্ধান্ত নিয়েছে।

বিষয়টি নিয়ে আমরা হাজির হয়েছিলাম বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনের কাছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের সাউথ এন্ড সাউথ ইস্ট এশিয়ান স্টাডিজ বিভাগের অধ্যাপক আদিত্য দাস বললেন গণমাধ্যমের স্বাধীনতা হরণ এবং অন্যায় ভাবে বিরোধী নেতা-নেত্রীদের কারারুদ্ধ করার ঘটনা, ভারতের ইতিহাসে এই দুটো বছর অন্ধকারময় সময় হিসেবে চিহ্নিত হয়ে আছে ।

(বাইট - আদিত্য দাস)

০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার এম রিয়াজ হামিদুল্লাহ কলকাতায় এসে আজ নবান্নে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে দেখা করেন। দুই তরফে শুভেচ্ছা বিনিময়ের পরে বেশ কিছুক্ষন তাদের মধ্যে কথা হয়। মুখ্যসচিব মনোজ পন্থ ও বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠক নিয়ে সরকারি ভাবে কিছু না জানান হলেও এটা তাদের মধ্যে সৌজন্য সাক্ষাত বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য এর আগে ২০১৬ সালে ভারতে নিযুক্ত বাংলাদেশের তৎকালীন হাইকমিশনার সৈয়দ মোয়াজ্জেম আলি মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়োগ বিজ্ঞপ্তি নিয়ে ফের কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের একাংশ। তাদের তরফে আইনজীবী অনিন্দ্য মিত্র ও শামিম আহমেদ আজ বিচারপতি সৌগত ভট্টাচার্যের দৃষ্টি আকর্ষণ করে জানান, সুপ্রিমকোর্টের নির্দেশ অনুযায়ী, শুধুমাত্র যোগ্য চাকরিহারা শিক্ষকরাই পরীক্ষায়

বসতে পারবেন। পাশাপাশি বয়সে ছাড় দেওয়ার কথাও বলা হয়েছিল। কিন্তু স্কুল সার্ভিস কমিশনের নতুন বিজ্ঞপ্তি অনুসারে অযোগ্য চিহ্নিতরাও পরীক্ষায় বসতে পারবেন বলে তাদের দাবি। বয়সে ছাড়ের বিষয়টিও সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়নি। এছাড়া আরো একাধিক আপত্তিকর বিষয় রয়েছে বলে তাদের অভিযোগ। ১৪ জুলাই আবেদন গ্রহণের শেষ দিন। তাই জরুরি ভিত্তিতে মামলার শুনানির আবেদন জানিয়েছেন তারা। আগামী পয়লা জুলাই মামলার শুনানি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

গত এক দশকে উন্নয়নের নীতিতে ভিত্তি করে ভারত বদলে গিয়েছে এক শক্তিশালী রাষ্ট্রে। আকাশবাণী সংবাদের এই বিশেষ পর্বে তুলে ধরা হচ্ছে গত ১১ বছরে সরকারের বিভিন্ন ক্ষেত্রে সাফল্যের কাহিনি। আজকের বিষয়, দেশের সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য ক্ষমতায়ন, সুযোগ এবং সংস্কারের যাত্রা - এর উপর আলোকপাত করব। আমাদের প্রতিনিধি কাশফিন নাহারের একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট)

০০০০০০০০০০০০০০০০০০০০০

সঞ্জয় সেন আগামী সন্তোষ ট্রফিতে বাংলা ফুটবল দলের প্রধান কোচ হিসাবে নিযুক্ত হয়েছেন|আসন্ন সি এফ এল প্রিমিয়ার লিগে তিনি প্লেয়ার স্কাউটিং করবেন|

উল্লেখ্য, সঞ্জয় সেনের তত্বাবধানেই গতবার বাংলা সন্তোষ ট্রফিতে চ্যাম্পিয়ন হয়। এছাড়াও কোচ হিসেবে তার আই লিগ, ফেড কাপ, কলকাতা লিগ, ডুরান্ড কাপ জেতার নজির আছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০